



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭০.১৪- ২৩৭৩

তারিখঃ ২৫/০২/২০১৫ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ উপকারভোগীদের মাঝে বিতরণকৃত সেলাই মেশিন এর তথ্য সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) আওতায় বাপার্ড, কোটালিপাড়া, গোপালগঞ্জে প্রকল্পের সুফলভোগী সদস্যদের এক মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ প্রদানপূর্বক প্রত্যেক সদস্যকে তার প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার পূর্বক আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিনামূল্যে একটি করে সেলাই মেশিন প্রদান করা হয়। বিতরণকৃত সেলাই মেশিনটি প্রকল্পের সম্পদ যা হস্তান্তর বা বিক্রয়যোগ্য নয়। বাপার্ডের মাধ্যমে প্রকল্প হতে বিতরণকৃত সেলাই মেশিনসমূহের তথ্য উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত নমুনা ছক মোতাবেক পৃথক একটি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। ইতোপূর্বে বিতরণকৃত সেলাই মেশিনসমূহ উক্ত রেজিস্টারে প্রথমে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো। এ ছাড়া সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ গ্রহনকারী সদস্যদের মাঝে বিতরণকৃত সেলাই মেশিনটি সংশ্লিষ্ট মাঠ সংগঠক কর্তৃক যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

২। বিতরণকৃত সেলাই মেশিনসমূহ যথাযথভাবে ব্যবহার না হলে অথবা বিক্রয়/হস্তান্তর করা হলে এবং সংশ্লিষ্ট সমিতির মাঠ সংগঠক কর্তৃক যথাসময়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সেলাই মেশিনের তথ্য সংরক্ষণ রেজিস্টারের নমুনা ছক।

ক্রঃ নং	প্রশিক্ষণ সম্পন্নকারী উপকারভোগীর নাম	পিতা/স্বামীর নাম	সমিতির নাম	প্রশিক্ষণ কাল		বিতরণকৃত মালামালের বিবরণ	পরিমাণ	গ্রহনকারীর স্বাক্ষর	সমিতির ম্যানেজার/ সভাপতির স্বাক্ষর
				ইহতে	পর্যন্ত				
১						সেলাই মেশিন			
২						ঐ			
৩						ঐ			


(প্রকৌশলী সৈয়দা মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা-----
জেলা-----।

সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি,-----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা,-----জেলা।
- ৬। অফিস কপি।